ইত্তেফাক

তারিখ ... 22/3/79 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম 5 ...

176

# অবিলম্বে ভাষা প্রচলন কার্যকর কমিটি গঠনের আহ্বান

(ইত্তেফাক রিপোর্ট)

গত মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২জন অধ্যাপক এক যুক্তবিবৃতিতে 'ভাষা প্রচলন কার্যকর কমিটি' গঠনের জন্য সরকারের প্রতি আহ্বান জানান। যুক্ত বিবৃতিতে তাঁহারা বলেনঃ সরকার সংস্থাপন বিভাগ, বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, সংস্থাপন বিভাগের সকল শাখা ও সংশ্লিষ্ট অফিস, সরকারী আধাসরকারী এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বাংলাভাষা চালু করার জরুরী নির্দেশ জারি করিয়াছেন। ১৯৭৫ সনেও অনুরূপ একটি নির্দেশ দেওয়া হইয়াছিল। ইহারও পূর্বে ১৯৭২ সনে বাংলা প্রচলনের ব্যাপক সরকারী তোড়জোর দেখা গিয়াছিল। বাংলাদেশের শাসনতন্ত্র অনুযায়ী বাংলা ভাষাই আমাদের রাষ্ট্রভাষা। এইসব শাসনতান্ত্রিক বিধান ও সরকারী নির্দেশ যথাযথ কার্যকর হইতেছে কিনা দেখার জন্য পূর্ববর্তী সরকারসমূহ কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন নাই। বর্তমান সরকারও কিছু করিয়াছেন বলিয়া কাহারও জানা নাই।

উল্লিখিত অবস্থার প্রেক্ষিতে কেন সরকারী নির্দেশ যথাযথ কার্যকর হইতেছে না উহার কারণ চিহ্নিতকরণ এবং নির্দেশ কার্যকর করার পন্থা নির্ধারণের জন্য উল্লিখিত অধ্যাপকবৃন্দ একটি 'ভাষা প্রচলন কার্যকর কমিটি' জরুরীভাবে গঠন করার আহ্বান জানান। তাঁহারা বলেন, এই কমিটির দায়িত্ব হইবে এক বৎসরের মধ্যে জনসমক্ষে প্রতিবেদন পেশ করা।